



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

05 JULY 2024

7:35—7:40 AM IST

উচ্চাকাঙ্ক্ষী জেলা ও উন্নয়ন খন্ডগুলির দ্রুত তথা সর্বাঙ্গিক উন্নয়নের লক্ষ্যে রাজ্যের বেশ কয়েকটি জেলায় গতকাল থেকে সম্পূর্ণতা অভিযানের বাস্তবায়ন শুরু হয়েছে। হাইলাকান্দি, বাক্সা, ধুবরী, দরং, বরপেটা, গোয়ালপাড়া, ওদালগুড়ি এই ৭ টি জেলা তথা ২০ টি উন্নয়নখন্ড এলাকাকে এই অভিযানে অন্তর্ভুক্ত করা হয়েছে।

উল্লেখ্য এপর্যন্ত উন্নয়নের সুফল না পাওয়া দেশের বিভিন্ন প্রান্তের অঞ্চলকে অন্তর্ভুক্ত করে কেন্দ্রীয় সরকার এই অঞ্চলগুলির দ্রুত উন্নয়নের লক্ষ্যে সম্পূর্ণতা অভিযান আরম্ভ করেছে। নীতি আয়োগের আরম্ভ করা এই অভিযান ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এই অভিযানের মাধ্যমে উচ্চাকাঙ্ক্ষী জেলা কার্যসূচী ও উচ্চাকাঙ্ক্ষী খন্ড কার্যসূচীর অধীনে ১১২ টি উচ্চাকাঙ্ক্ষী জেলা ও ৫০০ টি উচ্চাকাঙ্ক্ষী খন্ডের উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সম্পূর্ণ অভিযানের কার্যসূচীতে স্বাস্থ্য ও পরিপুষ্টি, শিক্ষা, কৃষি ও জলসম্পদ, অর্থ, দক্ষতা বিকাশ পরিকাঠামোকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

রাজ্যে এবারের বন্যায় ২৯ টি জেলার ১৬ লক্ষেরও বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন। গত ২৪ ঘন্টায় আরো ৮ জন লোকের বন্যায় মৃত্যু হওয়ার ফলে সাম্প্রতিক বন্যায় মৃত্যু হওয়া লোকের সংখ্যা ৪৬ এ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে তিনজন লোক একনো সন্ধানহীন রয়েছেন। আসাম দুর্যোগ ব্যবস্থাপনা বাহিনী সূত্র অনুযায়ী

দুহাজার ৮০০ টি গ্রাম বন্যার কবলে পড়া সহ প্রায় ৪০ হাজার হেক্টর কৃষি জমি বন্যার জলে প্লাবিত হয়েছে। এবারের বন্যায় করিমগঞ্জ, নগাও ও দরং জেলার বেশী ক্ষতি হয়েছে।

করিমগঞ্জ জেলার ৩২০ টি গ্রাম বন্যার জলে প্লাবিত হয়েছে।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল মাজুলীর বন্যা পরিস্থিতি খতিয়ে দেখে বন্যা দুর্গতদের সঙ্গে কথা বলেছেন। মাজুলীতে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা নদী বাঁধগুলির সংস্কারের জন্য অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করতে জলসম্পদ বিভাগের বাস্তুকারদের নির্দেশ দিয়েছেন।

মুখ্যমন্ত্রী ইতিমধ্যে রাজ্যের জেলা আয়ুক্তদের সংগে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে উদ্ধার ও ত্রান অভিযান নিয়ে পর্যালোচনা করেছেন।

কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ বিভাগের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল ডিব্রুগড় জেলার খোয়াং বিধানসভা কেন্দ্রের বন্যা প্রভাবিত অঞ্চল পরিদর্শন করেন।

আসাম প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরা গতকাল গোলাঘাট জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে গিয়ে পরিস্থিতির খোজখবর নেন। শ্রী বরা বোকাখাত, দেবগাও, মহুরামুখ ও বংকুয়ালের বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করা সহ ক্ষতিগ্রস্ত লোকেদের সংগে মত বিনিময় করেন। রাজ্যপাল গোলাব চান্দ কাটারিয়া গতকাল মরিগাও জেলার বন্যা ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করা সহ জনসাধারণের সংগে মত বিনিময় করেন।

এদিকে মুখ্যমন্ত্রীর নির্দেশে মন্ত্রীরা সবগুলি বন্যাপ্লাবিত জেলায় গিয়ে বন্যাপিড়িত লোকেদের পরিস্থিতির খোঁজ নেওয়া সহ ত্রাণ সামগ্রী বিতরণ সহ অন্যান্য বিষয়ে খোঁজ নিচ্ছেন।

কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সকাল ছটায় করিমগঞ্জ কুশিয়ারা নদী বিপদসীমার এক মিটার ৩০ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে। এখানে জল কমছে। হাইলাকান্দি জেলার মাটিজুড়ীতে কাটাখাল নদী বিপদসীমার ৪৯ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে। এখানে ও জল কমছে।

এদিকে রাজ্যের জল সম্পদ বিভাগ থেকে জানানো হয়েছে যে শিলচর অন্তর্গত সাতটায় বরাক নদী বিপদসীমার ৯৮ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে। এখানে জল কমছে।

আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডক্টর সুপ্রবীর দত্তরায় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে বিশ্ববিদ্যালয়ের অধীন পাঁচটি জেলার কলেজগুলি বন্যার কবলে পড়া এবং বন্যার কারণে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলির আজ ও আগামীকালের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে। পরীক্ষাগুলির পরবর্তী তারিখ ও সময় পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।

কাছাড়ের জেলা পরিবহন আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, জেলায় গত মাসে মদ্যপান করে গাড়ী চালানোর বিরুদ্ধে ১৭ জন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হয়েছে। বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে গাড়ি চালানোর সময় মোবাইল ফোনের ব্যবহার এবং হেলমেট ব্যবহার না করা ব্যক্তিদের লাইসেন্স স্থগিত রেখেছে।

কাছাড় জেলার বন্যা পরিস্থিতি এখনো অপরিবর্তিত রয়েছে এবং জেলার বহু গ্রামে এখনো বন্যার জল নদীর জল ডুকছে। বন্যাক্রান্তরা ইতিমধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় নিচ্ছেন। এদিকে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন আশ্রয় শিবিরে বন্যাক্রান্তদের মধ্যে ত্রান সামগ্রী বিতরণ করা সহ প্রয়োজনীয় সুবিধা প্রদানের পদক্ষেপ নেওয়া হয়েছে।

হাইলাকান্দির মহকুমা কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জেলার চা বাগান , আদিবাসী সম্প্রদায়ের পড়ুয়াদের প্রি-মেট্রিক , পোষ্ট মেট্রিক স্কলারশিপের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করেছেন । প্রি মেট্রিক ও পোষ্ট মেট্রিক স্কলারশিপের জন্য নির্ধারিত পোর্টালে আগামী ১৫ই অগাষ্টের মধ্যে আবেদন করতে হবে । বিশদ বিবরণ হাইলাকান্দির মহকুমা কল্যান আধিকারীকের কার্যালয়ে পাওয়া যাবে ।

হাইলাকান্দি জেলার বন্যা পরিস্থিতি আরো জটিল হয়ে পড়ছে । জেলাটির বিভিন্ন স্থানে বাঁধে ফাটল দেখা দেওয়ায় আবাসিক স্থানে বন্যার জল ঢুকতে শুরু করছে । আলগাপুর রাজস্ব চক্রের অন্তর্গত মোহনপুর অঞ্চলে কাটাখাল নদীর বাঁধে ফাটল দেখা দেওয়ায় বেশ কয়েকটি গ্রাম প্লাবিত হয়েছে । এদিকে মোহনপুর - শিলচর পূর্তসড়ক জলমগ্ন হয়ে পড়েছে । মোহনপুর অঞ্চলে নদীর জল তীব্র বেগে প্রবেশ করার ফলে উত্তর হাইলাকান্দির ২০ টি রাজস্ব গ্রাম বন্যার কবলে পড়েছে । জেলাটির পাঁচটি রাজস্ব চক্রের ১২৫ টি গ্রাম বন্যার কবলে পড়েছে ।

oooooooooooooooooooooooooooo
oooooooooooooooooooooooooooo
